অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/19/2018 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো বাফেলোতে 31 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের সাশ্রয়ী সমর্থক আবাসন তৈরির নির্মাণকাজ শুরুর ঘোষণা দিলেন

বাফেলোর পূর্ব পাশে জেফারসন অ্যাভিনিউ বাণিজ্যিক করিডরের (Jefferson Avenue Commercial Corridor) পুনরুজ্জীবন জেফারসন অ্যাভিনিউ অ্যাপার্টমেন্টস (Jefferson Avenue Apartments) অব্যাহত রাখবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো বাফেলোর পূর্ব পাশে 31 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের সাশ্রয়ী সমর্থক আবাসন তৈরির নির্মাণকাজ শুরুর ঘোষণা দিলেন। জেফারসন অ্যাভিনিউ অ্যাপার্টমেন্টসে থাকবে দুইটি ভবনে 89টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট যার মধ্যে 16টি ইউনিট বুদ্ধিগত বা বিকাশমূলক অক্ষমতাসহ ব্যক্তিদের রাখা হবে। উভয় ভবনের নিচতলায় মোট 16,500 স্কয়ার ফিট বাণিজ্যিক স্থান থাকবে। এলাকাকে পুনরুজ্জীবিত করতে এবং পরিবহন উন্নত করার বেটার বাফেলো ফান্ড (Better Buffalo Fund) প্রকল্পটিকে সমর্থন করবে।

"আমাদের শহরগুলিকে পুনরুজ্জীবিত করতে এবং নিউ ইয়র্কের সব থেকে দুঃস্থ বাসিন্দাদেরকে থাকার জায়গা প্রদান করার জন্য নতুন সাশ্রয়ী ও সমর্থক আবাসন নির্মাণ করা অতি গুরুত্বপূর্ণ", **গভর্নর কুওমো বলেছেন।** "জেফারসন অ্যাভিনিউ অ্যাপার্টমেন্টস তৈরি বাফেলোর পূর্ব পাশে নিউ ইয়র্কের বিনিয়োগ নিখুঁতভাবে ফুটিয়ে তোলে, যা এলাকায় অর্থনৈতিক কর্মকাণ্ড বৃদ্ধি করছে এবং আগামী প্রজন্মগুলির জন্য সার্বিক জীবনযাত্রার মাণ বৃদ্ধি করছে।"

"সুকৌশলী বিনিয়োগের মাধ্যমে বাফেলোর পূর্ব পাশ উন্নয়নে আমরা যে কাজ করছি এই নতুন সাশ্রয়ী আবাসন তৈরি তারই সংযোজন", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেছেন।** "বাফেলো শহরের জন্য একটি উজ্জ্বলতর ভবিষ্যৎ তৈরির জন্য আমাদের পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ উপাদান সাশ্রয়ী আবাসন। পূর্ব পাশের বাসিন্দাদের জন্য অর্থনৈতিক বিকাশ লক্ষ্যসমূহ অগ্রসর করতে এবং একটি নতুন পথের সূচনা করতে জেফারসন অ্যাভিনিউ অ্যাপার্টমেন্টস অন্যান্য প্রকল্প যেমন নর্থল্যান্ড প্রশিক্ষণ কেন্দ্র (Northland Training Center) এবং বেটার বাফেলো ফান্ড (Better Buffalo Fund) এর সম্পূরক হিসেবে কাজ করবে।"

জেফারসন অ্যাভিনিউ হল পূর্ব পাশের মূল ধমনী এবং এটি বেশ কিছু কলেজ ক্যাম্পাস, বাফেলোর মেডিক্যাল ক্যাম্পাস, রুট 33 এবং ডাউনটাউন বাফেলোর নিকটবর্তী। সাশ্রয়ী আবাসন দিয়ে একটি বাণিজ্যিক করিডর হিসেবে জেফারসন অ্যাভিনিউ এর পুনরুজ্জীবন বাফেলো শহরের একটি অগ্রাধিকার পরিকাঠামো প্রকল্প।

প্রকল্পটি বাফেলোর পূর্ব পাশ পুনরুজ্জীবিত করতে নিউ ইয়র্কের করা বিনিয়োগের সম্পূরক। ফোর্জ অন ব্রডওয়ে (The Forge on Broadway) দীর্ঘদিন ধরে খালি পড়ে থাকা বাফেলো ফোর্জ কোম্পানির (Buffalo Forge Company) সাইটটি পুনর্নির্মাণ করছে। চার স্তরের উন্নয়ন প্রকল্পটি শেষ হওয়ার পর এখানে থাকবে ব্যক্তি,

পরিবার ও বয়স্ক ব্যক্তিদের জন্য 250টি সাশ্রয়ী এবং সমর্থক বাড়ি, প্রথম-বার বাড়ি কিনছে এমন মানুষের জন্য টাউনহোম এবং নিচতলায় কেনাকাটার জায়গা। প্রথম স্তরের নির্মাণকাজ চলছে। 2011 সাল থেকে স্থানীয়ভাবে চালিত কৌশল ব্যবহার করে বাফেলোর পূর্ব পাশে 252 মিলিয়নের বেশি মার্কিন ডলার বিনিয়োগ করা হয়েছে।

1140 জেফারসন অ্যাভিনিউতে অবস্থিত এই উন্নয়ন প্রকল্পটি নির্মিত হবে এতদিন খালি ছিল এমন দুইটি লটে। জেফারসন অ্যাভিনিউ অ্যাপার্টমেন্টস এ থাকবে দুইটি তিন-তলা ভবনে 71টি এক-বেডরুম এবং 19টি দুই-বেডরুমের অ্যাপার্টমেন্ট। বুদ্ধিগত বা বিকাশমূলক অক্ষমতাসহ মানুষদের জন্য ষোলোটি অ্যাপার্টমেন্ট পৃথক করে রাখা হবে। পিপল, ইনকর্পোরেটেড (People, Inc.) সমর্থন সেবা প্রদান করবে।

সুবিধার মধ্যে থাকবে উভয় ভবনে রান্নাঘর ও কাপড়-ধোওয়ার ঘরসহ কমিউনিটি কক্ষ, প্রতিটি অ্যাপার্টমেন্টে বারান্দা, একটি খেলার মাঠ এবং অতিরিক্ত সবুজ বহিরঙ্গন। বাফেলোর আর্টস কমিশন (Arts Commission of Buffalo) সাইটের খোলা স্থানের শিল্পকর্ম স্থাপনের ব্যবস্থা করবে।

উন্নয়ন প্রকল্পটির জন্য তিনটি বাস লাইন থাকবে এবং এটি ম্যাসটেন পার্ক (Masten Park) সংলগ্ন, যেখানে টেনিস কোর্ট, ট্র্যাক, বেজবল ডায়মন্ড, সুইমিং পুল এবং খেলার মাঠসহ অন্যান্য বিনোদনের ব্যবস্থা রয়েছে। উন্নয়ন প্রকল্পটি একটি মুদি দোকান ও ছোট শপিং সেন্টারের কাছে অবস্থিত।

এন্টারপ্রাইজ গ্রিন কমিউনিটিস (Enterprise Green Communities) এর নীতিমালা এবং NYSERDA এর লো রাইজ নতুন নির্মাণ প্রোগ্রাম (Low Rise New Construction Program) অনুযায়ী জেফারসন অ্যাভিনিউ অ্যাপার্টমেন্টস নির্মিত হবে। শক্তি-দক্ষ ফিচারগুলির মধ্যে থাকবে এনার্জি স্টার (Energy Star) উচ্চ-দক্ষতা, ডিরেক্ট এক্সপ্যানশন কুলিং এবং উচ্চ দক্ষতার ডোমেস্টিক ওয়াটার হিটিং সরঞ্জামসহ প্রাকৃতিক গ্যাসের ফার্নেস, লো-ফ্লো ওয়াটার সেন্স লেবেলের প্লাম্বিং, এনার্জি স্টার সেন্সরসহ বাতি, উন্নত বাতাস বন্ধ করার প্রযুক্তি এবং কোড মাত্রার বেশি ইন্সুলেশন।

জেফারসন অ্যাভিনিউ অ্যাপার্টমেন্টস এর জন্য নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) এর অর্থায়নের মধ্যে থাকছে 1.3 মিলিয়ন মার্কিন ডলার কর-মুক্ত বন্ড, ফেডারেল ও স্টেট নিম্ন-আয় আবাসন কর ক্রেডিট (Low Income Housing Tax Credits) এবং ব্রাউনফিল্ড কর ক্রেডিট যা প্রকল্পটির জন্য মোট 14.6 মিলিয়ন মার্কিন ডলার তৈরি করবে এবং সাবসিডি হিসেবে আরো অতিরিক্ত 9.3 মিলিয়ন মার্কিন ডলার দিবে। বিকাশমূলকভাবে অক্ষম মানুষদের জন্য নিউ ইয়র্ক স্টেট অফিসের (New York State Office for People with Developmental Disabilities) তহবিল হিসেবে 2.2 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট বেটার বাফেলো ফান্ড থেকে 1.9 মিলিয়ন মার্কিন ডলার ঋণ প্রদান করেছে। বাফেলো শহর হোম (HOME) তহবিল প্রদান করেছে।

প্রকল্পটির সহ-নির্মাতা পিপল, ইনক এবং সিনাত্রা এন্ড কোম্পানি রিয়েল এস্টেট, LLC (Sinatra & Company Real Estate, LLC)। সকল নিউ ইয়র্কবাসীর জন্য নিরাপদ, সাশ্রয়ী আবাসন ব্যবস্থা করার জন্য নিউ ইয়র্ক স্টেটের যে অঙ্গীকার তা স্টেটের এই অভূতপূর্ব 20 বিলিয়ন মার্কিন ডলার মূল্যের পাঁচ-বছর মেয়াদী আবাসন পরিকল্পনায় (Housing Plan) প্রতিফলিত হয়। এই পরিকল্পনা আবাসন সহজলভ্য করে এবং 100,000 ইউনিট সাশ্রয়ী আবাসন ও 6,000টি সমর্থক আবাসন তৈরি ও সুরক্ষার মাধ্যমে গৃহহীনতার সাথে লড়াই করে। এই প্ল্যানটি পুরো স্টেটের আবাসনের সমস্যা সমাধানের জন্য একটি পূর্ণাঙ্গ পদ্ধতি, যাতে অন্তর্ভুক্ত রয়েছে একক

ও যৌথ পরিবারের হাউজিং, সামাজিক উন্নয়ন আর ভাড়া স্থিতিশীলকরণ। 2011 সাল থেকে, HCR পশ্চিম নিউ ইয়র্কে 226 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে যা প্রায় 9,000 বাসিন্দার জন্য সাশ্রয়ী আবাসন তৈরি করেছে।

নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়াল কমিশনার রুথঅ্যান ভিসনাউসকাস বলেছেন, "জেফারসন অ্যাভিনিউ অ্যাপার্টমেন্টস দিয়ে আমরা বাফেলো শহরের স্থানীয় অর্থনীতির উন্নয়ন এবং জীবনযাত্রার মাণ উন্নত করতে আমাদের যে নির্দিষ্ট-বিনিয়োগ তা অব্যাহত রেখেছি। জেফারসন অ্যাভিনিউ অ্যাপার্টমেন্টস খালি জায়গায় 89টি সাশ্রয়ী সমর্থক অ্যাপার্টমেন্ট তৈরি করবে এবং মূল বাণিজ্যিক করিডরের সংলগ্নে হাঁটার-উপযোগী প্রাণবন্ত এলাকা তৈরির জন্য নিচতলায় কেনাকাটার দোকান রাখবে। বাসিন্দাদের তাদের নতুন বাড়িতে স্বাগতম জানানোর জন্য আমরা উন্মুখ হয়ে আছি।"

বিকাশমূলকভাবে অক্ষম মানুষদের জন্য নিউ ইয়র্ক স্টেট অফিসের (New York State Office for People with Developmental Disabilities) ভারপ্রাপ্ত কমিশনার কেরি এ. ডেলানি বলেন, "জেফারসন অ্যাভিনিউ অ্যাপার্টমেন্টস এর মতো উন্নয়ন প্রকল্পগুলি বিকাশমূলকভাবে অক্ষম মানুষদের এমন একটি কমিউনিটিতে বাস করার সুযোগ দেয় যেখানে তারা এলাকাটিকে উপভোগ করতে পারবে এবং একই সাথে তাদের প্রয়োজনীয় সেবাও পাবে। আমরা যেই মানুষদের সমর্থন করি তাদের আবাসন সুযোগ বৃদ্ধি করতে আমাদের সহযোগী স্টেট এজেন্সি ও কমিউনিটি অংশীদারদের সাথে মিলিত হয়ে বিকাশমূলকভাবে অক্ষম মানুষদের জন্য এই 16টি ইউনিট রাখতে পেরে আমরা আনন্দিত।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হাওয়ার্ড যেমস্কি বলেন, "জেফারসন অ্যাভিনিউ অ্যাপার্টমেন্টস এর মতো অত্যাবশ্যক প্রকল্পগুলিকে অগ্রাধিকার প্রদানের মাধ্যমে বেটার বাফেলো ফান্ড শহরের এলাকাগুলিকে পুনরুজ্জীবিত করছে, কমিউনিটিসমূহকে মজবুত করছে, যা বাফেলোর জন্য উজ্জ্বল অর্থনৈতিক ভবিষ্যৎ নিয়ে আসবে।"

কংগ্রেসম্যান ব্রায়ান হিনিগস বলেন, "পিপল, ইনকর্পোরেটেড এর নেতৃত্বে, ফেডারেল হোম ডলার এবং কর ক্রেডিট দিয়ে সম্ভব হওয়া এই প্রকল্পটি সাশ্রয়ী আবাসনের একটি অতি গুরুত্বপূর্ণ চাহিদা মেটায় এবং বাফেলোর পুনর্জন্মে যেসব বিনিয়োগ অবদান রাখছে সেগুলিকে অব্যাহত রাখে।"

সিনেটর টিম কেনেডি বলেন, "জেফারসন অ্যাভিনিউ অ্যাপার্টমেন্টস বাফেলোর চলমান নবজীবন লাভ প্রক্রিয়ার জন্য সফলতার আরেকটি গল্প। শীঘ্রই, ডজন ডজন পরিবার এই নতুন সাইটটিকে বাড়ি বলবে, এবং তারা সাশ্রয়ী আবাসনের ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেটের নেতৃত্বের কারণে সুবিধা ভোগ করবে। এই প্রকল্পটি ফলপ্রসূ করতে তাদের প্রচেস্টার জন্য আমি পিপল ইনকর্পোরেটেড, সিনাত্রা এন্ড কোম্পানি এবং CSS কন্সট্রাকশনকে (CSS Construction) অভিনন্দন জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল দি. পিপলস-স্টোকস বলেন, "জেফারসন অ্যাভিনিউ এলাকায় নির্মাণকাজ দেখে আমরা গর্বিত; বাফেলোর পূর্ব পাশে এই অতি প্রয়োজনীয় সাশ্রয়ী আবাসন প্রকল্পের জন্য আমি HCRসহ পুরো উন্নয়ন দলকে অভিনন্দন জানাতে চাই। যেহেতু আমাদের কমিউনিটি সমূহের প্রাণবন্ততা এবং ঘনত্ব ফিরে আসছে, আমাদেরকে অবশ্যই কাঙ্ক্ষিত বাণিজ্যিক বিকাশ বরণ করে নেওয়ার পাশাপাশি কোল্ড স্প্রিং (Cold Spring) এলাকা হিসেবে আমাদের পরিচিতিকে অক্ষুণ্ণ রাখতে হবে।"

মেয়র বায়রন ডব্লিউ. ব্রাউন বলেন, "31 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের সাশ্রয়ী ও সমর্থক আবাসন তৈরির কাজে জড়িত সকলকে অভিনন্দন, যা কর্মসংস্থান সৃষ্টি করবে এবং আমাদের বাসিন্দাদের জন্য আরো বেশি সাশ্রয়ী আবাসন সুযোগের ব্যবস্থা করবে। আজকের 'নির্মাণ-সূচনা' জেফারসন অ্যাভিনিউ এলাকার জন্য একটি উল্লেখযোগ্য মাইলফলক এবং এটি আমাদের পরো কমিউনিটির জন্য একটি বিজয়। যেহেতু আমরা বাফেলোকে একটি সর্বব্যাপী ন্যায়সঙ্গত সুযোগের শহরে (City of Opportunity) পরিণত করতে কাজ করছি, আমরা এটি স্বীকার করি যে বাফেলোর অর্থনৈতিক শক্তির জন্য শক্তিশালী এলাকা তৈরি করা অতি গুরুত্বপূর্ণ। জেফারসন অ্যাভিনিউ অ্যাপার্টমেন্ট ঐতিহাসিক এই এলাকার জন্য যুতসই হবে, জেফারসন অ্যাভিনিউ নিয়ে আমার স্বপ্নের সমর্থক হবে এবং জেফারসন অ্যাভিনিউ করিডরে আরো বাসিন্দা ও বিনিয়োগ নিয়ে আসার জন্য অন্যান্য বিনিয়োগের সম্পূরক হবে।"

বাফেলো কমন কাউন্সিল (Buffalo Common Council) প্রেসিডেন্ট ড্যারিয়াস প্রিজেন বলেন, "এলিকট জেলায় (Ellicott District) আরো একটি সাশ্রয়ী আবাসন প্রকল্পের নির্মাণকাজ শুরু হতে দেখে আমি আনন্দিত। এই প্রকল্পটি জেফারসন ব্যবসা করিডরে (Jefferson Business Corridor) মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের একটি অংশ। বাফেলো যেহেতু পুনরায় জীবন লাভ করছে, এটি গুরুত্বপূর্ণ যে সব এলাকাই এটির অভিজ্ঞতা লাভ করতে পারে। এই এলাকাকে উন্নত করার এবং সাশ্রয়ী আবাসনের অতি প্রয়োজনীয় চাহিদা মেটাতে যে অনেকগুলি ইতিবাচক প্রকল্প নেওয়া হচ্ছে এই প্রকল্পটি তারই অংশ।"

পিপল ইনকর্পোরেটেড এর প্রেসিডেন্ট ও সিইও রন্ডা ফ্রেডরিক বলেন, "জেফারসন অ্যাভিনিউ অ্যাপার্টমেন্টস এর নির্মাণ সামনে অগ্রসর করতে সাহায্য করতে পেরে, একই সাথে ঐতিহাসিক করিডর ও কমিউনিটির প্রাণবন্ত ইতিহাসের একটি অংশ হতে পেরে আমি গর্বিত। আমরা আনন্দিত যে আমরা অনেক কমিউনিটি নেতৃবৃন্দ এবং প্রতিষ্ঠানের সহযোগিতা পেয়েছি, আমরা একসাথে কাজ করছি 18 বছর তা বেশি বয়সী ব্যক্তিদের জন্য সাশ্রয়ী আবাসন সুযোগ প্রদান করার জন্য। আমরা অনেক তহবিলদানকারী এবং নির্বাচিত কর্মকর্তার প্রতি কৃতজ্ঞ যারা এই প্রকল্পটি বাস্তবায়ন করছেন।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন